

PRINT

সমকাল

নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণ হয়েছে - ঢাবি উপাচার্য

১৩ ঘণ্টা আগে

সমকাল প্রতিবেদক

সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে ডাকসু নির্বাচনের ভোটগ্রহণ হয়েছে বলে মন্তব্য করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আখতারুজ্জামান। তিনি বলেন, দু-একটি বিচ্ছিন্ন ঘটনা ছাড়া উৎসবমুখর পরিবেশে শান্তিপূর্ণ ভোট হয়েছে। এ জন্য তিনি শিক্ষার্থীদের ধন্যবাদ জানান।

অনিয়মের অভিযোগে ভোট বর্জনের ঘোষণা দিয়ে পুনর্নির্বাচনের দাবি জানিয়েছে ছাত্রলীগ ছাড়া অন্যান্য সংগঠনের প্রার্থীরা। এর মধ্যে কয়েকটি সংগঠন মঙ্গলবার ঢাবি ক্যাম্পাসে ধর্মঘটেরও ডাক দিয়েছে। এ প্রসঙ্গে উপাচার্য বলেন, ডাকসুর রীতিনীতি ও গঠনতন্ত্র রয়েছে। সে অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। সবাইকে গণতান্ত্রিক মূল্যবোধের প্রতি শ্রদ্ধাশীল থাকার আহ্বান জানান তিনি।

এর আগে ভোটগ্রহণ চলাকালে তিনি সাংবাদিকদের বলেন, 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছেলেমেয়েদের ধন্যবাদ জানাই। তারা অত্যন্ত সুশৃঙ্খল ও শান্তিপূর্ণভাবে একটি উৎসবমুখর পরিবেশে যেভাবে শান্তিপূর্ণ ভোটাধিকার প্রয়োগ করেছে এবং গণতান্ত্রিক রীতিনীতি অনুসরণ করেছে, তার ভূয়সী প্রশংসা করি। যতগুলো ভোটকেন্দ্র পরিদর্শন করলাম, অত্যন্ত উৎসবমুখর পরিবেশে শান্তিপূর্ণ ভোট হয়েছে।'

কুয়েত মৈত্রী হলে বস্তাভর্তি সিল মারা ব্যালট পাওয়ার অভিযোগে ওই হলে ভোটগ্রহণ স্থগিত হয়েছে। এ ব্যাপারে উপাচার্য বলেন, কালক্ষেপণ না করে প্রভোস্টকে সরিয়ে দেওয়া হয়েছে। নতুন প্রভোস্ট নিয়োগ দেওয়া হয়েছে। পাঁচ সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটিও গঠন করা হয়েছে। জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে কঠিন ব্যবস্থা গ্রহণ করা হবে।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) | ইমেইল:
ad.samakalonline@outlook.com